108

আজকের কাগজ

তারিখ ...2.0 JUN 1995 ...
পৃষ্ঠা ৮ কলাম ৭

# জাল কাগজ-পত্র দেখিয়ে ভর্তি ঢা.বি.'র মাস্টার্সের ৮০ জন ছাত্র-ছাত্রীর ভর্তি বাতিল করা হবে

ভূয়া এবং জাল, কাগজ পত্র দেখিয়ে ভর্তি হওয়ার অভিযোগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাস্টার্সের ৮০ জন ছাত্রের ভর্তি বাতিল করা হবে। কর্তৃপক্ষ জানিয়েছে যে, ১৯৯৪ সালে মার্কেটিং, ব্যবস্থাপনা, হিসাব বিজ্ঞান, রাষ্ট্র বিজ্ঞান, ইতিহাস, ইসলামের ইতিহাস, গ্রন্থাগার বিজ্ঞান, ইসলামী শিক্ষা, আন্তর্জাতিক সম্পর্ক এবং সমাজ বিজ্ঞান বিভাগে মাস্টার্স প্রথম পর্বে এসব ছাত্র-ছাত্রী ভর্তি হয়েছিলো। নাম প্রকাশে অনিচ্ছুক একজন কর্মকর্তা জানান, মেধা তালিকা পূর্ণ পরীক্ষণের সময় এসব ছাত্রের নাম মেধা তালিকায় না থাকায় বিষয়টি সবার নজরে আসে। ইতিমধ্যেই কর্তৃপক্ষ স্যার এফ রহমান ও রোকেয়া হলের সঙ্গে সংযুক্ত এসব ছাত্র-ছাত্রীর বিরুদ্ধে কারণ দর্শাও নোটিশ জারি করে আগামী বুধবারের মধ্যে প্রয়োজনীয় মূল কাগজপত্র জমা দেবার নির্দেশ দেয়া হয়েছে। কর্তৃপক্ষ প্রয়োজন হলে দুর্নীতি দমন ব্যুরোর কাছে এ ব্যাপারে পদক্ষেপ নেবার আহবান জানাতে পারে। তথ্যসূত্র ঃ ইউএনবি।